গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০০২.২৩-৩৯৯

তারিখঃ ০৫ বৈশাখ ১৪২৯
১৮ এপ্রিল ২০২৩

## "সভার নোটিশ"

আগামী ২৭ এপ্রিল ২০২৩ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে এপ্রিল ২০২৩ মাসের মাসিক সাধারণ/সমন্বয় সভা উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সভায় উপস্থাপনযোগ্য কোন বিষয় থাকলে তা আগামী ২৬/০৪/২০২৩ তারিখের মধ্যে লিখিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
মোবাইল নম্বর ঃ ০১৭৯৯৯৪১৫৫৫
ই-মেইল ঃ unobhurungamari@mopa.gov.bd

১। উপজেলা .............................................. অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২। চেয়ারম্যান ......................................ইউনিয়ন পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩। জনাব ..........................................................
..................................................................
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) ঃ</u>

১। জনাব মোঃ আছলাম হোসেন সওদাগর, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫-কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

(৪০৫)

## এপ্রিল/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিতির তালিকা।

| ক্রম নং | নাম ও পদবী | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মোঃ নূরুজ্জামান (বেলুন) চেয়ারম্যান, উপজেলা পরিষদ | 01718-926948. | |
| ২। | দীপক কুমার দেব শর্মা উপজেলা নির্বাহী অফিসার | 01799941555. | |
| ৩। | সাইফুদ্দিন আহমেদ [illegible] | 01726863536 | |
| ৪। | মোঃ মাঃ [illegible] চেয়ারম্যান [illegible] | ০১৭২১১৩৪৪১৪ | |
| ৫। | মোঃ [illegible] উপজেলা [illegible] অফিসার | 01714706627 | |
| ৬। | মোঃ কামরুজ্জামান চেয়ারম্যান, [illegible] | 01745113361 | |
| ৭। | মোঃ মোকাম্মেল হক চেয়ারম্যান | 01716189807 | |
| ৮। | মোঃ মায়নুল ইসলাম চেয়ারম্যান | 01734-075832 | |
| ৯। | মোঃ সাজ্জাদ হোসেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ০১৭৪৫৯২৮৬৮৬ | |
| ১০। | মোঃ আজাদুল ইসলাম হিসাব রক্ষণ অফিসার ([illegible]) | 01740134626. | |
| ১১। | মোঃ শাহিনুর আলম পিআইও | ০১৭১৬-৬০৪৪৯৯ | |
| ১২। | মোঃ নূর কুতুবুল আলম, ইউপি ৩ | 01712-746728 | |
| ১৩। | মোঃ সাইফুর রহমান ওসি | 01716-400576 | |
| ১৪। | মোঃ [illegible] [illegible] | 01716437657 | |
| ২২ | মোঃ কামরুজ্জামান, DGM পল্লী বিদ্যুৎ | 01769407330 | |
| ১২ | মানিক চন্দ্র বর্মন UFPA | 01710603605 | |

তারিখ: ২৭/৪/২০২৬

| নাম ও পদবী- | মোবাইল নম্বর- | স্বাক্ষর |
|---|---|---|
| মো: মাহমুদ কামরান, UEO | 01716256983 | |
| মো: মমতাজ উদ্দিন | 01704331044 | |
| মো: রেজাউল করিম ARDO | 01718452808 | |
| মো: মোস্তাফিজুর রহমান AUEO | 01724694243 | ২৭/৪/২৬ |
| " আব্দুল মজুমদার সহকারী | 01738678094 | |
| মো: আসাদুজ্জামান | 01306367730 | |
| মো: মনজুরুল ইসলাম প্রোগ্রামার উপজেলা | 01794082368 | |
| ডা: মোছা: হোসনে আরা খাতুন VS, উলিপুর, কুড়িগ্রাম | 01762-132223 | |
| সুমন কুমার ভৌমিক উপজেলা কৃষি অফিসার | 01726-103814 | |
| মো: আবু সাইদ মো: সাদেক | 01718107599 | |
| মো: আবু তাহের | 01716-222624 | |
| মো: কিশোর মুখোপাধ্যায় | [illegible] | |
| মো: রতন মিয়া উপসহকারী পরিকল্পনা কর্মকর্তা | 01717423072 | |
| মো: বদরুজ্জামান (রানা) UFO | 01717013886 | |
| মো: ... (জেলা) | 00996-864600 | |
| মো: আশিকুল ইসলাম লাবলু SAE, DPHE | 01738-592724 | |
| মো: রুবেল সরকার, সহকারী প্রোগ্রামার | 01741-641981 | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | উপজেলা পরিষদের এপ্রিল ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ ও সময়ঃ | | ২৭ এপ্রিল ২০২৩ সময়: বেলা ১২ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)

উপস্থিত সকলকে পবিত্র ঈদ-উল ফিতর পরবর্তী শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আজকের সভাটি পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১ বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২ উপজেলা প্রকৌশল দপ্তরঃ

উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১২টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়য়ের কাজ চলমান রয়েছে। ০৪ টি ইউনিয়ন পরিষদ মেরামতের কাজ চলমান। ইউনিয়নগুলো হচ্ছে: ০১) পাথরডুবি ০২) তিলাই ০৩) জয়মনিরহাট ও ০৪) ভূরুঙ্গামারী। **IRIDP-3** প্রকল্পের আওতায় ০৪ টি রাস্তার কাজ চলমান। বলদিয়া ইউনিয়ন পরিষদ মেরামত কাজের টেন্ডার প্রক্রিয়াধীন। তাছাড়া এ দপ্তরের অন্যান্য কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলছে।

**ADP** প্রকল্পঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, এডিপি'র ১ম কিস্তি বাবদ ১৭,১২,০০০/- টাকা, ২য় কিস্তি বাবদ ১৭,১২,০০০/- ৩য় কিস্তি বাবদ ১৭,১২,০০০/-বরাদ্দ পাওয়া গেছে। ১ম কিস্তির চার গুণ ১৭,১২,০০০ X ৪ = ৬৮,৪৮,০০০/- টাকা ও রাজস্ব উদ্বৃত ৫০,৪৮,৫১১/- টাকাসহ সর্বমোট ১,১৮,৯৬,৫১১/- (এক কোটি আঠারো লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচ শত এগারো ) টাকার ৩০% পিআইসি ও অবশিষ্ট অর্থের প্রকল্পসমূহ টেন্ডার/কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে সংশ্লিষ্ট যাচাই বাচাই কমিটির মাধ্যমে বরাদ্দকৃত টাকার **ADP/PIC** প্রকল্পে বিভাজন করা হয়েছে এবং প্রকল্পসমূহ চূড়ান্ত করা হয়েছে। প্রকল্প সমূহের টেন্ডার/কোটেশন আহবান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের মধ্যেই গৃহীত এডিপি/পিআইসি প্রকল্পের কাজগুলোর গুণগত মান নিশ্চিত পূর্বক সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি সভায় জানান বর্তমানে তীব্র দাবদাহে জন-জীবন অতিষ্ট হয়ে পড়েছে। প্রচন্ড গরমে হিট স্ট্রোক থেকে রক্ষার জন্য ঠান্ডা জায়গায় অবস্থান করতে হবে। ডায়রিয়ার প্রকোপ থেকে রক্ষার জন্য বিশুদ্ধ পানি পান করতে হবে। তিনি সভায় আরো জানান যে, গত ৪ মাস আগে হাসপাতালের জরুরী বিভাগের আইপিএস এর ব্যাটারী চুরি হয়ে গেছে। হাসপাতালের স্বাভাবিক কর্মকান্ড পরিচালনার স্বার্থে তিনি আইপিএস এর একটি ব্যাটারী সরবরাহ করার জন্য অনুরোধ জানান। তাছাড়া তিনি আন্ধারীঝাড় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মাটি ভরাটের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ বর্তমানে তীব্র গরম থেকে সুরক্ষার জন্য জনগণকে সচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়রাম্যানগণকে অনুরোধ জানানো হয়। জনস্বার্থ বিবেচনা করে হাসপাতালের জরুরী বিভাগের আইপিএস এর একটি ব্যাটারী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় আন্ধারীঝাড় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মাটি ভরাটের জন্য চেয়ারম্যান, আন্ধারীঝাড় ইউনিয়ন পরিষদকে সভায় অনুরোধ জানানো হয়। তাছাড়া হাসপাতালে আগত রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪ উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ

উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি ভেটেরিনারি সার্জন সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রক্ষার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

উপজেলা শিক্ষা অফিস ঃ

উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি জনাব মোঃ মোবাশ্বের আলী, সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান তিনি প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে যথাযথ কার্যক্রম পরিচালনা করে আসছেন। ইতোমধ্যে তিনি এ উপজেলায় যোগদান করার পর ইতোমধ্যে ২টি ক্লাস্টারে মিটিং করেছেন। পর্যায়ক্রমে তিনি সকল ক্লাস্টারে মিটিং করে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবেন মর্মে সভায় আশ্বস্ত করেন। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রক্ষার জন্য উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬ উপজেলা রিসোর্স সেন্টার ঃ

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭ উপজেলা কৃষি অফিস ঃ

উপজেলা কৃষি অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি সভায় আরো জানান চলতি বোরো মৌসুমে ১৬৪০৫ হেক্টর জমিতে বোরো চাষ হয়েছে। ইতোমধ্যে ১০৩০ হেক্টর জমির ফসল কর্তন করা হয়েছে। ফলন আলো হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকলে কৃষক তাদের উৎপাদিত ধান নিরাপদে ঘর তুলতে পারবেন।

সিদ্ধান্ত ঃ কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখতে সভায় উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান আগামী ৩০ এপ্রিল ২০২৩ তারিখ হতে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ আগামী ৩০ এপ্রিল ২০২৩ তারিখ হতে অনুষ্ঠিতব্য এসএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদ্যালয় পরিদর্শন পূর্বক আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/সংশ্লিষ্ট সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০ উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। ঋণ প্রদান কার্যক্রম ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মে তিনি সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১ উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২ উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান জনস্বাস্থ্য বিভাগের নির্মাণ সামগ্রী পরিবহনে বাসষ্ট্যান্ডের কুলি/শ্রমিকগণ অন্যায়ভাবে টাকা দাবী করে থাকেন। যা বন্ধ করার জন্য সভায় অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ সরকারি মালামাল পরিবহনে বাসষ্ট্যান্ডের কুলি/শ্রমিক কর্তৃক অন্যায়ভাবে দাবীকৃত টাকা প্রদান না করার জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/সংশ্লিষ্ট সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪ উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ

উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫ উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান আনসার ও ভিডিপি দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ আনসার ও ভিডিপি দপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬ ইসলামিক ফাউন্ডেশন ঃ

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭ উপজেলা সমাজসেবা অফিস ঃ

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান এ উপজেলায় মোট ভাতাভোগীর সংখ্যা ২৬০২৮ জন। সমাজ সেবা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা সমাজসেবা অফিসারকে সমাজ সেবা বিভাগের কার্যক্রমের গতিশীলতা ফিরিয়ে আনার জন্য সভায় অনুরোধ জানানো হয়। ।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮ পল্লী বিদ্যুৎ সমিতি ঃ

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি সভায় জানান বর্তমানে বিদ্যুতের চাহিদা বাড়ায় লোডশেডিং চলছে। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ঃ লোডশেডিং সহনীয় পর্যায়ে রাখার জন্য এবং আগামী ৩০ এপ্রিল ২০২৩ তারিখ হতে অনুষ্ঠিতব্য এসএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ অক্ষুন্ন রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯ কাস্টমস বিভাগ ঃ

সভায় রাজস্ব কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০ ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরো জানান ইজিপিপি+ সহ এ উপজেলায় টি.আর/কাবিখা প্রকল্পের কাজ চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য এবং টি.আর/কাবিখা প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১ মৎস্য বিভাগঃ

উপজেলা মৎস্য অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় আরো জানান পাবদা মাছের পোনা আগামী সপ্তাহে পাওয়া যাবে যা উপজেলা পরিষদের পুকুরে অবমুক্ত করা হবে।

সিদ্ধান্ত ঃ ঃ উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২ পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম যথারীতি অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত ঃ পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩ **সমবায় বিভাগঃ**

উপজেলা সমবায় অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ঃ সমবায় বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪ **আইসিটি বিভাগঃ**

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি সভায় উপস্থিত সকলকে স্ব-স্ব দপ্তরের সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়/সংশ্লিষ্ট (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫ **বনবিভাগ ঃ**

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬ **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭ **উপজেলা নির্বাচন অফিস ঃ**

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বর্তমানে ভোটার তালিকার হালনাগাদের কাজ চলমান রয়েছে। যাদের এসএসসি ও সমমান পরীক্ষার সার্টিফিকেট নাই তাদের জন্য নিবন্ধন সনদ এবং ওয়ারিশ সনদ সঠিকভাবে প্রদানের জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। একই সাথে তিনি ভোটার তালিকা হালনাগাদ কাজে সকল ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ ভোটার তালিকার হালনাগাদের কাজে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য এবং মৃত্যু সনদ সহ ওয়ারিশ সনদ প্রদানের অধিকতর সর্তকতা অবলম্বনের জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল) ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮ **মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ**

সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম সভায় জানান আপাতত কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ ঃ বীর মুক্তিযোদ্ধাদের কোন সমস্যা পরিলক্ষিত হলে তাৎক্ষনিক অবহিত করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। |

বাস্তবায়নে ঃ সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯ **বিএডিসি (সেচ) ঃ**

উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নঃ উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০ **তিলাই ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, তিলাই ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান ভূরুঙ্গামারী বাসস্ট্যান্ড থেকে শিলখূড়ীগামী রাস্তাটির বেহাল অবস্থা আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই রাস্তাটি মেরামত/সংস্কার করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। তিনি তার ইউনিয়ন পরিষদের সামনে অবৈধ স্থাপনা উচ্ছেদসহ ইউনিয়ন পরিষদের সামনের রাস্তা সংলগ্ন ঝুঁকিপূর্ণ গাছগুলো কর্তনের অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ ভূরুঙ্গামারী বাসস্ট্যান্ড থেকে শিলখূড়ীগামী রাস্তাটি প্রয়োজনীয় মেরামত/সংস্কার করার জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়। তিলাই ইউনিয়ন পরিষদের সামনের রাস্তা সংলগ্ন ঝুঁকিপূর্ণ গাছগুলো বিধি মোতাবেক কর্তনের এবং অবৈধ স্থাপনা উচ্ছেদের প্রয়োজনীয় পদপেক্ষ গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, তিলাই ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩১ **বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান সামান্য বৃষ্টিতে সোনাহাট বাজারে পানি জমে। চৌধুরী বাজারগামী ব্রীজটি দীর্ঘদিন ভেঙ্গে পড়ে থাকায় জনগণের চলাচলের অসুবিধা হচ্ছে। তিনি ব্রীজটি মেরামতের অনুরোধ জানান। তিনি সভায় আরো জানান সোনাহাট বাজারের পাবলিক টয়লেটটি ৬ মাস আগে ভাঙ্গা হলেও আজ পর্যন্ত নতুন টয়লেট নির্মাণ করা হয়নি। তিনি জনস্বার্থে পাবলিক টয়লেটটি দ্রুত নির্মাণের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সোনাহাট বাজারে পানি জমে থাকার বিষয়টি এবং চৌধুরী বাজারগামী ব্রীজটি নির্মাণ বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীকে সভায় অনুরোধ জানানো হয়। সোনাহাট বাজারের পাবলিক টয়লেটটি অতি দ্রুততম সময়ের মধ্যে নির্মাণ করা হবে মর্মে সভায় উপজেলা নির্বাহী অফিসার আশ্বস্ত করেন।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/চেয়ারমান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩২ **শিলখুড়ী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, শিলখুড়ী ইউনিয়ন পরিষদ সভায় জানান ধলডাঙ্গা বাজারের সাথে ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের জায়গা বেদখল হচ্ছে। তিনি সভায় বেদখলকৃত জায়গা উদ্ধারের অনুরোধ জানান। তাছাড়া তিনি তার ইউনিয়নের বিভিন্ন সুবিধাভোগীর তালিকা বিশেষ করে শিলখুড়ী ইউনিয়নে কর্মরত প্রাণিসম্পদ বিভাগের কর্মচারীদের নামের তালিকা প্রদানের জন্য সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ধলডাঙ্গা বাজারের সাথে ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের জায়গা উদ্ধারের জন্য সার্ভেয়ার চেয়ে আবেদন করতে চেয়ারম্যান, শিলখুড়ী ইউনিয়ন পরিষদকে এবং শিলখুড়ী ইউনিয়নে কর্মরত প্রাণিসম্পদ বিভাগের কর্মচারীদের নামের তালিকা প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার/চেয়ারম্যান, শিলখুড়ী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

৩৩ **জয়মনিরহাট ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, জয়মনিরহাট ইউনিয়ন পরিষদ সভায় তার ইউনিয়নে অনেক ভাতাভোগী মারা গেছেন। তদস্থলে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করার অনুরোধ জানান। তাছাড়া তিনি সভায় আরো জানান তার ইউনিয়নে অনেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিত ম্যানেজিং কমিটি নেই। নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করার জন্য তিনি প্রাথমিক শিক্ষা বিভাগকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ যে সমস্ত ভাতাভোগী মারা গেছেন তদস্থলে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করার জন্য উপজেলা সমাজ সেবা অফিসার ও প্রাথমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার/চেয়ারম্যান, জয়মনিরহাট ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩৪ **পাইকেরছড়া ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, পাইকেরছড়া ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার ইউনিয়নে পাগলা কুকুরের উপদ্রব বেড়ে গেছে। প্রয়োজনীয় ভ্যাকসিন সরবরাহের জন্য তিনি সভায় অনুরোধ জানান। তিনি সভায় আরো জানান সোনাহাট ব্রীজে উঠার আগে রাস্তার দু'ধারে অপরিকল্পিতভাবে যত্রতত্র বাড়ি-ঘর নির্মাণের ফলে পানির স্বাভাবিক গতি প্রবাহ বন্ধ হচ্ছে এবং জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে। জলবদ্ধতা দূরীকরণে প্রয়োজনীয় পদপেক্ষ গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ অপরিকল্পিতভাবে যত্রতত্র বাড়ি-ঘর নির্মাণের ফলে যাতে পানির স্বাভাবিক গতি প্রবাহ বন্ধ হয়ে না যায় সে দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য উপজেলা কৃষি অফিসার ও  পাগলা কুকুর কামড়ানোর প্রয়োজনীয় ভ্যাকসিন প্রদানের জন্য সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/চেয়ারম্যান, পাইকেরছড়া ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী।

৩৫ **চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান সোনাহাট হতে চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ পর্যন্ত পাকা রাস্তাটি বর্তমানে চলাচলের অনুপযোগি হয়ে পড়েছে। জনস্বার্থে রাস্তাটি মেরামত/সংস্কার করা জন্য সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ রাস্তাটি সরেজমিন পরিদর্শন করে মতামত প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩৬ **ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই ভূরুঙ্গামারী হাট-বাজারের জলাবদ্ধতা দূরীকরণের প্রয়োজনীয় পদপেক্ষ গ্রহণের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ভূরুঙ্গামারী হাট-বাজারের জলাবদ্ধতার বিষয়টি সরেজমিন পরিদর্শন করে মতামত প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩৭ **উপজেলা পরিষদঃ**

(ক) সভায় উপস্থিত অধিকাংশ সম্মানিত সদস্য জানান চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের পুরাতন অফিস ভবনটি প্রয়োজনীয় মেরামত/সংস্কার ও রং করা প্রয়োজন। এ বিষয়ে সভায় সকলেই ঐক্যমত পোষণ করেন। এ কাজে আনুমানিক ২০০০০০/- টাকা ব্যয় হতে পারে। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেটানো যেতে পারে।

সিদ্ধান্ত ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের পুরাতন অফিস ভবনটি প্রয়োজনীয় মেরামত/সংস্কার ও রং করার সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দাখিলের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনটি অতি পুরাতন যা প্রয়োজনীয় মেরামত/সংস্কার ও রং করা প্রয়োজন। এ কাজে আনুমানিক ২০০০০০/- টাকা ব্যয় হতে পারে। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেটানো যেতে পারে।

সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের বাসভবনটির প্রয়োজনীয় মেরামত/সংস্কার ও রং করার সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দাখিলের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(গ) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বাউন্ডারী ওয়ালটি অতি পুরাতন হওয়ায় মাঝে মধ্যে ইট খুলে পড়ে যাচ্ছে। যা প্রয়োজনীয় মেরামত/সংস্কার ও রং করা প্রয়োজন। এ কাজে আনুমানিক ২০০০০০/- টাকা ব্যয় হতে পারে। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেটানো যেতে পারে।

সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের বাসভবনটির প্রয়োজনীয় মেরামত/সংস্কার ও রং করার সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দাখিলের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান এ উপজেলায় যোগদানকৃত সহকারী কমিশনার (ভূমি) প্রশিক্ষণ শেষে ১৫ মে ২০২৩ তারিখের মধ্যে পুনরায় কর্মস্থলে যোগদান করবেন। সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের বসবাসের জন্য উপজেলা পরিষদের ৬নম্বর ভবনের 'ক' ইউনিটটি মেরামত/সংস্কার ও রং করা করা প্রয়োজন। এ কাজে আনুমানিক ২০০০০০/- টাকা ব্যয় হতে পারে। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেটানো যেতে পারে।

সিদ্ধান্ত ঃ সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের বসবাসের জন্য বর্ণিত আবাসিক ভবনটির প্রয়োজনীয় মেরামত/সংস্কার ও রং করার সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দাখিলের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(ঙ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকতা গত মার্চ ২০২৩ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে। বিধায় তা অনুমোদনের জন্য তিনি বিনীত অনুরোধ জানান।

<u>মাসের নাম ঃ মার্চ ২০২৩</u>

| নং | <u>ব্যয়ের বিবরণী</u> | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের সম্মানী ভাতা ও বাসাভাড়া বিল প্রদান | ৪৫,০০০/- |
| ২. | জনাব মোঃ জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৩. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৪. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ১১,২৫০/- |
| ৫. | জনাব মোঃ জালাল উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৬. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৭. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৪০০/- |
| ৮. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৪০০/- |
| ৯. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ২০০০/- |
| ১০. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে মার্চ/২০২৩ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১০০০/- |
| ১১. | মোঃ আবুল হোসেন, উপজেলা পরিষদ ক্যান্টিন, ভূরুঙ্গামারীকে মার্চ/২০২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ১২. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারীকে মার্চ/২০২৩ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ১৩. | মোঃ শাহিনুর আলম, টেকনিশিয়ান, ইউএনও অফিস, মার্চ/২০২৩ মাসের মডেম রিচার্জ বিল প্রদান (ভ্যাটসহ) | ৪,১৮০/- |
| ১৪. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী মার্চ/২০২৩ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিস্কারকরণের মজুরী বিল প্রদান | ৩,০০০/- |
| ১৫. | মোঃ মোজাম্মেল হক, সুমাইয়া ফোম এন্ড পর্দা হাউজ, জাহাজ কোম্পানী রোড, রংপুর। উপজেলা পরিষদের সোফা সেটের ফোম সরবরাহের বিল (ভ্যাট ও আয়করসহ)। | ২৫০০০/- |
| ১৬. | মোঃ গোলাম মোস্তফা, জীপ চালক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদের পাজেরো জীপ গাড়ী মেরামত করণের বিল (ভ্যাট ও আয়করসহ)। | ১৬০৫০/- |
| ১৭. | মোঃ খলিল, দেওয়ানের খামার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। উপজেলা স্কাউট ভবনের সামনে ও পিছনে পরিস্কার করণ ও কলেজ মোড় হতে বনবিভাগ পর্যন্ত ড্রেন পরিস্কার করণ মজুরী বিল। | ১৫৫০০/- |
| ১৮. | শ্রী গোপাল চন্দ্র প্রসাদ, সাধারণ সম্পাদ, কেন্দ্রীয় ইন্দ্রপ্রসাদ দেব মন্দির, ভূরুঙ্গামারী। শ্রী শ্রী তারকব্রক্ষ্ম হরিনাম মহাযজ্ঞানুষ্ঠান ও অষ্টকালীন লীলা কীর্তন এ সহযোগিতার আর্থিক সাহায্য। | ১৫০০০/- |
| ১৯. | মোঃ জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী। ভূরুঙ্গামারী কেন্দ্রীয় জামে মসজিদ থেকে সাদ্দাম মোড় পর্যন্ত রাস্তার পার্শ্বে ড্রেনের আবর্জনা পরিস্কার ও পানি নিস্কাশন করণের মজুরী | ১৫০০০/- |
| ২০. | শ্রী পেল্টুয়া, পাইকডাঙ্গা, পাইকেরছড়া। নদী ভাঙ্গনে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্য। | ১০০০০/- |
| ২১. | শ্রী মন্দা চন্দ্র বর্মন, পিতা- মৃত. ধরনী কান্ত বর্মন, লাকীপাড়া, ভূরুঙ্গামারী। মেয়ের বিবাহ উপলক্ষ্যে আর্থিক সাহায্য। | ৫০০০/- |
| ২২. | মোছাঃ ফাতেমা বেওয়া, স্বামী- মৃত. হোসেন আলী, কামাত আঙ্গারীয়া। একজন অসহায় ইতিম কন্যার বিবাহ উপলক্ষে আর্থিক সাহায্য। | ৪০০০/- |
| ২৩. | শ্রী জগোদিস চন্দ্র সাহা, পিতা-মৃত. জসোদা, ইসলামপুর, চর ভূরুঙ্গামারী। নদী ভাঙ্গনে ঘর ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্য। | ৪০০০/- |
| ২৪. | ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, ভূরুঙ্গামারী সদর ইউনিয়ন ভূমি অফিস, ভূরুঙ্গামারী। ১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন করের বকেয়া ও হাল সনের দাবির বিল প্রদান। | ৪৫৪১০/- |
| ২৫. | বিজ্ঞাপন ম্যানেজার, প্রথম আলো, ঢাকা। ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তির বিল প্রদান (ভ্যাটসহ)। | ৪১৪০০/- |

২৬. সম্পাদক, দৈনিক কুড়িগ্রাম খবর, ইউ.এ প্লাজা, শাপলা চত্বর, কুড়িগ্রাম। ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তির বিল প্রদান (ভ্যাটসহ)। ৩০৯১২/-

২৭. মোঃ মোস্তাফিজুর রহমান, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী। ২১ ফেব্রুয়ারি/২৩ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের বিল (ভ্যাটসহ)। ৪৬৭৮১/-

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এডিপিসহ সকল প্রকল্পের কার্যক্রম ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে গুণগতমান বজায় রেখে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

পরিশেষে পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষ্যে ভিজিএফ বিতরণে সর্বাত্মক সহযোগিতা প্রদান করায় ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহিত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নুরুন্নবী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৩-৪১৫

তারিখঃ ১৪ বৈশাখ ১৪৩০
২৭ এপ্রিল ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা ........................................................................................ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। জনাব ..........................................................................................................................
১২। অফিস কপি।

২৭।৪।২৩

(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।